

-:বিজ্ঞপ্তি:-

বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম ইপিজেড

প্রস্তুতিমূলক পরীক্ষা-২০২১

শ্রেণি: প্লে থেকে দশম

আসসালামু আলাইকুম,

সম্মানিত অভিভাবক ও প্রিয় ছাত্রছাত্রীবৃন্দ, আপনারা ইতিমধ্যে অবগত হয়েছেন যে, আমরা আগামী ২৩/০৫/২০২১ তারিখ হতে প্লে থেকে দশম পর্যন্ত প্রস্তুতিমূলক পরীক্ষার সিলেবাসের আলোকে অনলাইনে আপলোডকৃত ক্লাশের ভিত্তিতে ১ঘন্টা ব্যাপি ৩০ নম্বরের প্রস্তুতিমূলক পরীক্ষা-২০২১ গ্রহণ করতে যাচ্ছি। পরীক্ষার রুটিন ও নোটিশ আমাদের ওয়েব সাইট [www.bepzacollegectg.edu.bd](http://www.bepzacollegectg.edu.bd) এ প্রকাশ করা হয়েছে।

অভিভাবকদের প্রতি পরীক্ষা গ্রহণ সংক্রান্ত কিছু সাধারণ নির্দেশনা নিম্নে দেয়া হলো:

১। রুটিন অনুসারে পরীক্ষা শুরু হবে নির্দিষ্ট তারিখে সকাল ১০:০০টা। যেদিন যে বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে শুধুমাত্র ওইদিন সকাল ০৯:০০ টায় ঐ বিষয়ের প্রশ্নপত্র [www.bepzacollegectg.edu.bd](http://www.bepzacollegectg.edu.bd) -এ আপলোড করা হবে। অভিভাবকগণ উক্ত ওয়েব সাইটের Exam অপশনে গিয়ে নির্দিষ্ট শ্রেণি, তারিখ ও বিষয় অনুসারে প্রশ্নপত্র Download করতে হবে।

২। পরীক্ষার আগের রাতে পরীক্ষার জন্য খাতা/উত্তরপত্র নিজ দায়িত্বে বাসায় তৈরি করতে হবে। কভার পেইজ অর্থাৎ খাতার প্রথম পৃষ্ঠায় স্কুলের নাম, পরীক্ষার নাম (প্রস্তুতিমূলক পরীক্ষা-২০২১), ছাত্র-ছাত্রীর নাম, শ্রেণি, রোলনং, শাখা, বিভাগ (নবম ও দশম শ্রেণির জন্য: বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা), বিষয়ের নাম, তারিখ স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৩। অভিভাবক সকাল ১০:০০ টায় প্রশ্নপত্র পরীক্ষার্থীর হাতে দিবেন এবং নিজে ১ঘন্টা পর্যন্ত ইনভেজিলেটরের দায়িত্ব পালন করবেন। পরীক্ষা শেষ হবে ১১:০০ টায়।

৪। পরীক্ষা শেষ হবার পরপর পরীক্ষার উত্তরপত্র/খাতাটি নিয়ে একটি বড় খামে রেখে দিবেন এবং উত্তরপত্র/খাতাটি নিজে সংরক্ষণ করবেন। এভাবে রুটিন অনুসারে সবগুলো পরীক্ষা শেষ করবেন এবং উত্তরপত্র/খাতাগুলো বড় খামে সংরক্ষণ করবেন।

৫। সবগুলো পরীক্ষা শেষে পরীক্ষার সব উত্তরপত্র/খাতা একটি নির্দিষ্ট তারিখে স্বাস্থ্যবিধি মেনে প্রতিষ্ঠানে এসে জমা দিতে হবে। উত্তরপত্র/খাতা জমাদানের তারিখ ও সময় SMS এর মাধ্যমে পরে জানিয়ে দেয়া হবে।

এ মুহূর্তে আমাদের মনে রাখতে হবে পরীক্ষায় বেশি নম্বর পাওয়া আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য নয়। আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য শিক্ষার্থীদের পড়াশুনায় মনোযোগী করা এবং প্রতিটি বিষয়ের উপর শিক্ষার্থীদেও দুর্বল দিকটি চিহ্নিত করা। এ ব্যাপারে আপনার সহযোগিতা একান্তভাবে কামনা করি। আপনি ও আপনার পরিবারের সদস্যদের সুস্থ ও নিরাপদ জীবন কামনা করছি। আল্লাহ্ আমাদেরও সহায় হোন।

অধ্যক্ষ

বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম ইপিজেড